

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

প্রেস বিজ্ঞপ্তি

বিআইসিএম রিসার্চ সেমিনার-৫৫ অনুষ্ঠিত

ঢাকা (১৭ মে ২০২৬):



বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর রিসার্চ সেমিনার-৫৫ আজ ১৭ মে ২০২৬ তারিখ ইনস্টিটিউটের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে “Building an Innovation-Driven Economy: The Strategic Role of Capital Markets in Supporting Entrepreneurship”- শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সংযুক্ত আরব আমিরাতের ইউনিভার্সিটি অব শারজাহ-এর বিজনেস এডমিনিস্ট্রেশন কলেজের সহযোগী অধ্যাপক জনাব সৈয়দ আবিদুর রহমান।

ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ-এর সভাপতিত্ব ও সঞ্চালনায় আয়োজিত উক্ত সেমিনারে

আলোচক হিসেবে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপ ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. নাজিম হাসান সাত্তার ও বাংলাদেশ ব্যাংকের পরিচালক জনাব ইম্তেকমাল হোসেন। আলোচকগণ রিসার্চ সেমিনারে উপস্থাপনার বিভিন্ন দিক নিয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করেন।

ইনস্টিটিউটের অভ্যন্তরীণ গবেষকদের গবেষণার উৎকর্ষতা সাধনের লক্ষ্যে বিআইসিএম নিয়মিতভাবে রিসার্চ সেমিনার আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে রিসার্চ সেমিনার-৫৫ আয়োজন করা হয়। উক্ত রিসার্চ সেমিনারে ইনস্টিটিউটের সকল অনুষদ সদস্য ও কর্মকর্তাসহ আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd